

কোভিড মহামারীর জন্য আমাদের চলতে থাকা প্রতিক্রিয়ার অংশ হিসেবে, আমরা সব রকমের বাড়ি স্বশরীরে পরিদর্শনের সাথে সম্পর্কিত ঝুঁকিগুলি ক্রমাগত মূল্যায়ন করছি।

বাড়ির মানুষদের এবং বাড়ি পরিদর্শনের সাথে সম্পর্কিত জরিপকারীগণের ক্ষেত্রে আশঙ্কাসমূহ চিহ্নিত করতে ও তা প্রশমিত করতে আমাদের সহায়তার জন্য আমাদের **বুকিং প্রক্রিয়া** এবং কাজের জায়গায় **ডাইনামিক রিস্ক অ্যাসেসমেন্ট** অর্থাৎ পরিবর্তনশীল আশঙ্কা মূল্যায়নের পরিকল্পনা করা হয়েছে।

### পরিদর্শনের শর্তসমূহ

বাড়ির কোনো ব্যক্তির মধ্যে কোভিড-19 এর লক্ষণ খুঁজে না পাওয়া পর্যন্ত পরিদর্শন চালিয়ে যাওয়া হবে। এই দৃষ্টিভঙ্গী সব রকমের পরিদর্শন - মূল্যায়ন এবং জরিপের ক্ষেত্রে প্রযোজ্য।

### ডাইনামিক রিস্ক অ্যাসেসমেন্ট

বাড়িতে পৌঁছানোর পরে, আমাদের জরিপকারী (সার্ভেয়ার) ডাইনামিক রিস্ক অ্যাসেসমেন্ট অর্থাৎ পরিবর্তনশীল আশঙ্কার মূল্যায়ন করবেন এবং বাড়ির সবার সুরক্ষা ও সুস্থ থাকার বিষয়টি নির্ধারণের জন্য আপনাকে কিছু প্রশ্ন করতে পারেন। যদি জরিপকারী (সার্ভেয়ার) আশঙ্কার কোনো অগ্রহণযোগ্য মাত্রা (যেমন- সামাজিক দূরত্বের ঘাটতি) চিহ্নিত করেন, তাহলে সেই পরিদর্শনটি বাতিল হবে এবং অন্য তারিখের জন্য আবার বুক করা হবে।

### পরিদর্শনের আগে ও পরিদর্শনের সময়

আমাদের জরিপকারীগণ অ্যাপয়েন্টমেন্টটি নিশ্চিত করতে, তারা পৌঁছানোর প্রায় 30 মিনিট আগে আপনার সাথে যোগাযোগ করবেন। পরিদর্শনের আগে, জরিপকারীগণের ও বাড়ির মানুষদের আমরা একটু বেশি সতর্কতা অবলম্বন করতে দৃঢ়ভাবে সুপারিশ করি:



কোনো বিড়াল বা কুকুর থাকলে, সম্পত্তি পরিদর্শনের সময় অনুগ্রহ করে, সেগুলোকে আপনার কাছেই রেখে দেবেন (সেগুলো যাতে মুক্তভাবে ঘোরাঘুরি না করে), সম্ভব হলে সকল দরজা ও জানালা খোলা রাখবেন



জরিপকারী ব্যক্তির সাথে সাক্ষাত হলে, পরিদর্শনের সময় সামাজিক দূরত্ব মেনে চলার ব্যাপারে আপনাকে বলা হতে পারে



আমাদের জরিপকারীর সাথে পিপিই এবং স্যানিটাইজিং পণ্য থাকবে। এতে যদি আপনি আরো স্বাচ্ছন্দ্যবোধ করেন, তাহলে পরিদর্শনের সময় জরিপকারীকে ফেস কভারিং পরিধান করতে বলুন। আমাদের জরিপকারী সবাইকে একই কাজ করতে বলতে পারেন



জরিপকারীগণ যখন এসে পৌঁছাবেন তখন তারা, যাকে আমরা ‘ডাইনামিক বা ভিজুয়াল রিস্ক অ্যাসেসমেন্ট’ বলি, সেই কাজটি করবেন এবং যদি তারা মনে করেন যে কোথাও কোনো আশঙ্কা আছে তাহলে পরিদর্শন বন্ধ করতে পারেন



জরিপকারীগণের বাড়িতে থাকার সম্ভাবনা প্রায় 30 মিনিটের মতো, কিন্তু বাড়ির বৈশিষ্ট্যের উপর নির্ভর করে হয়তো আপনার বেলাতে তা তার বেশি হতে পারে



পরিদর্শনের আগে সব PPE / সরঞ্জাম প্রস্তুত করার জন্য এবং পরিদর্শনের পরে সবকিছু পরিষ্কার ও জীবাণুমুক্ত করার জন্য অনুগ্রহ করে কিছু সময় দেবেন



অনুগ্রহ করে, অসম্ভুষ্ট হবেন না তবে দুর্ভাগ্যক্রমে, আমাদের জরিপকারীগণ পরিদর্শনকালে পানীয় গ্রহণ করতে পারবেন না।